

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩০

আষাঢ় ০৮, ১৪২৮
তারিখঃ -----
জুন ২২, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

সাভারের চামড়া শিল্পনগরীতে স্থানান্তরিত চামড়া শিল্প প্রতিষ্ঠানের ব্যাংক ঋণ পরিশোধে বিশেষ সুবিধা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০১, তারিখঃ জানুয়ারি ০৬, ২০২১ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২২, তারিখঃ এপ্রিল ১২, ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার লেটারে বর্ণিত নির্দেশানুযায়ী Exit অথবা পুনর্গঠন/পুনঃতফসিল সুবিধা গ্রহণে ইচ্ছুক সাভারের চামড়া শিল্পনগরীতে স্থানান্তরিত গ্রাহক কর্তৃক ডাউন পেমেন্ট বাবদ নগদে অর্থ পরিশোধ সাপেক্ষে জুন ৩০, ২০২১ পর্যন্ত আবেদন জমা দেয়ার সময় নির্ধারিত ছিল।

০৩। দ্বিতীয় দফায় কোভিড-১৯ এর বিরূপ প্রভাব বিদ্যমান থাকায় এবং আসন্ন ঈদুল আজহা উৎসবে কোরবানিকৃত পশুর কাঁচা চামড়া সংগ্রহ ও সংরক্ষণ কার্যক্রমের বিষয়টি বিবেচনান্তে উল্লিখিত Exit অথবা পুনর্গঠন/পুনঃতফসিল সুবিধা গ্রহণে ইচ্ছুক গ্রাহক কর্তৃক ডাউন পেমেন্ট এর অর্থ নগদে জমাদান সাপেক্ষে আবেদন দাখিলের সময়সীমা আগামী সেপ্টেম্বর ৩০, ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

০৪। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০১/২০২১ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২